

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ডবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ২১ জানুয়ারি, ২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২১-০১-২০২৫ তারিখ জনাব অতনু বড়ুয়া, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে 'দি গোল্ডেন স্পুন, খুলশী, চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনাকালে রেস্টুরেন্টের রান্নাঘরটি অত্যন্ত নোংরা ও অপরিষ্কার অবস্থায় পরিচালনা করতে দেখা যায়; মেয়াদোত্তীর্ণ সিনথেটিক ফুড কালার মজুদ করতে দেখা যায় যেগুলোর ক্রয় ভাউচার প্রদর্শনে ব্যর্থ হয়; ডিম না ধুয়ে ময়লাসহ মজুদ ও ব্যবহার করতে দেখা যায়; এছাড়াও পানি পরীক্ষার সনদ এবং পেস্ট কন্ট্রোলার কোন প্রমাণক প্রদর্শনে ব্যর্থ হওয়ার অপরাধে দোষ স্বীকারোক্তির ভিত্তিতে নিরাপদখাদ্য আইন, ২০১৩ ধারা মোতাবেক ১,০০,০০০/- অর্থদন্ড করা হয় এবং তাৎক্ষণিকভাবে আদায় করা হয়।

অভিযানটি যথাক্রমে “হান্ডি” খুলশী, চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় মোবাইল কোর্ট পরিচালনাকালে রেস্টুরেন্টের রান্নাঘরটি অত্যন্ত নোংরা ও অপরিষ্কার অবস্থায় পরিচালনা করতে দেখা যায়; প্রায় ১০ লিটার ঘি কোন প্রকার লেবেলিং ছাড়া (নাম, ঠিকানা, মেয়াদ, বিএসটিআই বিডিএস স্টিকার) মজুদ ও ব্যবহার করতে দেখা যায় যেগুলোর ক্রয় ভাউচার প্রদর্শনে ব্যর্থ হয়; ফ্রিজে কাঁচা ও রান্না করা খাবার একসাথে রাখতে দেখা যায়; ডিম না ধুয়ে ময়লাসহ মজুদ ও ব্যবহার করতে দেখা যায়; এছাড়াও খাদ্য কর্মীদের স্বাস্থ্য সনদ, পানি পরীক্ষার সনদ এবং পেস্ট কন্ট্রোলার কোন প্রমাণক প্রদর্শনে ব্যর্থ হওয়ার অপরাধে দোষ স্বীকারোক্তির ভিত্তিতে নিরাপদখাদ্য আইন, ২০১৩ ধারা মোতাবেক ২,০০,০০০/- অর্থদন্ড করা হয় এবং তাৎক্ষণিকভাবে আদায় করা হয়।

অভিযানকালে জনাব মুহাম্মদ মুনতাসির মাহমুদ, নিরাপদ খাদ্য অফিসার, চট্টগ্রাম মেট্রোপলিটন; জনাব মো: ইয়াসিনুল হক চৌধুরী, নিরাপদ খাদ্য পরিদর্শক; বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সাপোর্ট স্টাফ এবং চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।



২১.০১.২০২৫
বি. এম রুল আমিন রিমন
উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। অফিস কপি।